# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) মহিলাদের সুরক্ষা নিশ্চিত করার ঐতিহাসিক পদক্ষেপ হিসেবে রাজ্য বিধানসভায় আজ বহুবিবাহ প্রতিরোধ বিল গৃহিত ।

২) রাজ্যের ৪শো ৬টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর বিধানসভায় প্রকাশ ।

৩) পাঁচগ্রামে মিথানল উৎপাদনযোগ্য বাশ কারখানা স্থাপন করা হবে বলে রাজ্যের শিল্প ও বাণিজ্যমন্ত্রী বিমল বরার প্রকাশ ।

এবং

৪) গৌহাটি হাইকোর্ট-এর বিধায়ক আমিনুল ইসলামের বিরুদ্ধে আরোপিত জাতীয় নিরাপত্তা আইন মামলা খারিজ ।

---

বৈবাহিক সম্পর্কের বিশ্বাসযোগ্যতা বজায় রাখা সহ মহিলাদের সুরক্ষা নিশ্চিত করার ঐতিহাসিক পদক্ষেপ হিসেবে রাজ্য বিধানসভায় আজ বহুবিবাহ প্রতিরোধ বিল গৃহিত হয়েছে । শীতকালীন অধিবেশনের প্রথম দিন উত্থাপন করা এই বিলের মাধ্যমে আইনীভাবে প্রথম বিবাহ ছিন্ন না করে দ্বিতীয় বিবাহ করা কার্যকে অপরাধের শ্রেনীভুক্ত করা হয়েছে । বিলে পূর্বের বিবাহের কথা গোপন করে দ্বিতীয় বিবাহ করা ব্যাক্তিকে ১০ বছর এবং আইন অনুসারে প্রথম বিবাহ সম্পর্ক ছিন্ন না করে দ্বিতীয় বিবাহ করা ব্যাক্তিকে ৭ বছর কারাদন্ড প্রদান করার প্রস্তাব করা হয়েছে । বিলের অধীনে বার বার এধরণের অপরাধের সঙ্গে যুক্ত ব্যাক্তিদের দ্বিগুণ শাস্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে । বহু বিবাহে লিপ্ত পুরহিত , মৌলানা এবং যাজকদের দেড় লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করার কথা বলা হয়েছে এছাড়াও কর্তৃপক্ষ থেকে ইচ্ছাকৃতভাবে তথ্য লোকানো বা

বিলম্বে তথ্য প্রদান করা লোকেদের ২ বছর কারাদন্ড এবং ১ লক্ষ টাকা জরিমানা করা হবে বলেও বিলে উল্লেখ করা হয়েছে । তবে এই বিলটি রাজ্যের ষষ্ঠ অনুসূচীর অধীন এলাকা এবং উপজাতীয় সম্প্রদায়ের জন্য প্রযোজ্য হবে না । আজ এই বিলের ওপর অনুষ্ঠিত আলোচনায় মোট ৩১ জন বিধায়ক অংশ গ্রহণ করেন । কংগ্রেস , এ আই ইউ ডি এফ , সি পি আই এম এবং রাইজর দল বিলটিতে কয়েকটি সংশোধনী ছাড়াই বিলটি বাছাই সমিতিতে প্রেরণ করার দাবী জানায় । তবে এই সম্পর্কীত উত্থাপিত বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রীর আশ্বাস প্রদানের পর বিরোধী দলের বিধায়করা তাদের দাবী প্রত্যাহার করে নেন । অন্যদিকে এ আই ইউ ডি এফ এবং সি পি আই এম-এর বিধায়করা চাদের দাবী প্রত্যাহার করতে অস্বিকার করেন । রাষ্ট্রপতির অনুমোদনের পর বিলটি আইনে পরিণত হবে ।

বাইট ( সি এম )

আজ বিধানসভায় আরো কয়েকটি বিল উত্থাপন করা হয় । অর্থমন্ত্রী অজন্তা নেওয়োগ ২০২৫-২৬ সালের আসাম বিনিয়োজন বিল উত্থাপন করেন । এছাড়াও বিদ্যালয় শিক্ষা বিভাগের সঙ্গে সম্পর্কীত ২০২৫-২৬ সালের পরিপূরক ব্যায় মঞ্জুরী সম্পর্কেও আলোচনা এবং ভোটদান অনুষ্ঠিত হয় । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আসাম পুলিশের সংশোধনী বিল ২০২৫ এবং আসাম অগ্নি এবং জরুরীকালীন সেবা বিল ২০২৫ বিবেচনার জন্য প্রস্তাব পেশ করেন । মন্ত্রী কেশব মহন্ত আসাম সত্র সংরক্ষণ এবং উন্নয়ন কমিশন বিল ২০২৫ বিবেচনার জন্য প্রস্তাব পেশ করেন ।

---

সশস্ত্র বাহিনীসমূহ দেশের সার্বভৌমত্ব রক্ষার ক্ষেত্রে পেশাদারী মনোভাব ও দেশভক্তির পরিচয় দিয়ে আসছে বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ উল্লেখ করেছেন । নতুনদিল্লীতে আয়োজিত চাণক্য প্রতিরক্ষা আলোচনা ২০২৫ এ প্রদত্ত ভাষণে আজ রাষ্ট্রপতি বলেন যে প্রতিটি সুরক্ষা প্রত্যাহ্বানের সময়ে সশস্ত্র বাহিনীসমূহ অভূতপূর্ব সাহস ও দৃঢ় সংকল্প প্রদর্শন করে আসছে । সেইসঙ্গে তিনি সম্প্রতি অপারেশন সিন্দুরের সাফল্য দেশের সন্ত্রাস প্রতিরোধী রণকৌশলের জন্য নির্নায়ক ক্ষণ বলে অভিহিত করেন । শ্রীমতি মূর্মূ বলেন যে সমগ্র বিশ্ব ভারতের সামরিক সামর্থ্যের কথা অনুসরণ করাই শুধু নয় বরং শান্তির ক্ষেত্রে দেশের দৃঢ়তা ও দায়িত্বশীলভাবে কার্যনির্বাহ করার নৈতিক স্পষ্টতার বিষয়টিও গুরুত্ব সহকারে বিবেচনা করছে । প্রতিরক্ষাবাহিনীসমূহ অভিযান চালানোর ভুমিকা ছাড়াও জাতীয় উন্নয়নের স্তম্ভ হিসেবে পরিগণিত হয়ে আসছে বলেও তিনি মন্তব্য করেন । রাষ্ট্রপতি বলেন যে সশস্ত্র বাহিনীসমূহ সীমান্ত অঞ্চলসমূহের সুরক্ষা

সুদৃঢ় করা ছাড়াও পরিকাঠামো ,যোগাযোগ,পর্যটন ও শিক্ষার মাধ্যমে সীমান্ত এলাকাসমূহের উন্নয়নে সহায়তা করে আসছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের ৪শো ৬টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে এবং বর্তমানে এই বিদ্যালয়গুলিতে মোট ২৩ হাজার ১শো ৫৭ জন ছাত্র-ছাত্রী নাম ভর্তী করেছে । রাজ্য বিধানসভার আজ বিধায়ক টেরস গোয়ালার এই মর্মে উত্থাপিত একটি লিখিত প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু এই তথ্য প্রকাশ করেন । ডা: পেগু বলেন যে বর্তমানে রাজ্যের চা-বাগান গুলিতে ১শো ১৮টি আদর্শ বিদ্যালয় নির্মানের কাজ সম্পূর্ণ করা হয়েছে এবং প্রত্যেকটি আদর্শ বিদ্যালয়ে ইতিমধ্যেই পাঠদান শুরু হয়েছে । এরমধ্যে ৮৭টি বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত এবং ৩১টি বিদ্যালয়ে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পাঠদান শুরু করা হয়েছে বলেও তিনি জানান । ডা: পেগু অনুমতিপ্রাপ্ত বিদ্যালয় - মহাবিদ্যালয়ের প্রাদেশিকীকরণ সম্পর্কে উত্থাপন করা অন্য একটি প্রশ্নের উত্তরে বলেন যে মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীন আসাম সরকারের অনুমতিপ্রাপ্ত মোট ৪শো ২টি অপ্রাদেশিকীকৃত মাধ্যমিক বিদ্যালয়কে প্রাদেশিকীকরণ আইন ২০১৮-র প্রয়োজনীয় যোগ্যতা না থাকার জন্য এই বিদ্যালয় গুলিকে প্রাদেশিকীকরণের বাইরে রাখা হয়েছিল । অন্যদিকে উচ্চ শিক্ষা সঞ্চালকায়ের অধীন সব মহাবিদ্যালয়কে প্রাদেশিকীকরণ করা হয়েছে বলেও শিক্ষামন্ত্রী বিধানসভায় জানান । এদিকে , শিল্প , বাণিজ্য তথা গণ প্রতিষ্ঠান বিভাগের মন্ত্রী বিমাল বরা দ্বিতীয় এডভান্টেজ আসামে দেশী-বিদেশী বিনিয়োগকারীদের সঙ্গে সম্পাদিত চুক্তি সম্পর্কিত উত্থাপিত এক প্রশ্নের উত্তরে বলেন যে এই শীর্ষ সম্মিলনে রাজ্য সরকার বিভিন্ন বিভাগের সঙ্গে ২শো ৯৭টি চুক্তি সাক্ষর করেছিল এবং ইতিমধ্যেই ৭০ চুক্তি কার্যকর করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের শিল্প ও বাণিজ্যমন্ত্রী বিমল বরা বলেছেন যে পাঁচগ্রামে মিথানল উৎপাদনযোগ্য বাশ কারখানা স্থাপন করা হবে । বিধানসভায় আজ এই তথ্য জানিয়ে শ্রী বরা বলেন যে ক্যাষ্ট্র পেট্রোকেমিক্যাল বাশ থেকে মিথানল উৎপাদনের এই কারখানা স্থাপন করার ইচ্ছা প্রকাশ করেছে । ফলে , রাজ্যের বাঁশ ভিত্তিক অর্থনীতি পুনরায় গড়ে ওঠা সহ কাগজ কল বন্ধ হওয়ার পর সংকটের সম্মুখিন হওয়া পাঁচগ্রামের হারিয়ে যাওয়া শিল্প প্রতিষ্ঠানের পরিবেশও গড়ে ওঠবে বলে মন্ত্রী শ্রী বরা আশা প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে নিজের মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে অনুষ্ঠানের ১২৮ তম পর্ব । জনসাধারন ১৮০০ ১১ ৭৮০০ শুল্কবিহীন নম্বরে ফোন করে এই অনুষ্ঠানের জন্য নিজের মতামত এবং পরামর্শ প্রেরণ করতে পারবেন । নমো অ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চ অথবা ১৯২২ নম্বরে মিসডকল দেবার পর লাভ করা লিঙ্কের মাধ্যমেও জনসাধারণ আগামীকাল পর্যন্ত পরামর্শ প্রদান করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট বিধায়ক আমিনুল ইসলামের বিরুদ্ধে আরোপিত জাতীয় নিরাপত্তা আইন মামলা খারিজ করে দিয়েছে । হাইকোর্টের একটি ডিভিশন ব্যাঞ্চ আজ সকালে এ সম্পর্কে রায়দান করে বিধায়ক আমিনুল ইসলামের বিরুদ্ধে রুজু করা জাতীয় নিরাপত্তা আইন মামলা খারিজ করে । উল্লেখ্য যে জম্মু কশ্মীরের পেহেলগামে সন্ত্রাসবাদী হামলার ঘটনা নিয়ে দিশ বিরোধী মন্তব্য করার অভিযোগে তার বিরুদ্ধে এই মামলা রুজু করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর ফুলেরতল সড়ক থেকে কনকপুর পর্য্যন্ত সড়কে থাকা সেতুর সংস্কার কাজের জন্য , ওই সড়ক দিয়ে সব ধরনের ভারী যান চলাচল আগামীকাল থেকে ২৮শে ডিসেম্বর পর্য্যন্ত বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে যান চালকদের বেড়েঙ্গা হয়ে নাথ পাড়া সড়ক ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের শ্রম কল্যান, চা জনজাতি ও আদিবাসী কল্যান বিভাগের পক্ষ থেকে কাছাড় জেলার মণিয়ারখাল চা বাগানের মুক্তিযোদ্ধা রাজমোহন গোয়ালা আর্দশ বিদ্যালয়কে ২০২৫ সালে চা বাগান স্কুল সমূহের মধ্যে সেরা একাডেমিক ফলাফলের জন্য পুরষ্কৃত করেছে । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গত ২৩শে নভেম্বর ডিব্রুগড়ে অসম শ্রমিক কল্যান সমিতির উদ্যোগে আয়োজিত এক অনুষ্টানে বিদ্যালয়ের অধ্যক্ষ আবুল কাশিমের হাতে পুরষ্কার হিসেবে মান পত্র তুলে দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর সিগনেচারের ব্যবস্থাপনায় আগামী পয়লা ডিসেম্বর রোজকান্দি চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ৩০শে নভেম্বর শিলচর তৃতীয় লিংক রোডে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারীকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জেলার প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্যদের ব্যাঙ্কের পেনশন একাউন্টকে সংশ্লিষ্ট ব্যাঙ্কের শাখায় গিয়ে প্রতিরক্ষা পেনশন একাউন্টে পরিবর্তন করতে অনুরোধ জানানো হয়েছে । অন্যথায় কোন ধরনের ব্যাক্তিগত দূর্ঘটনার ক্ষেত্রে বীমার সুবিধা লাভ করতে অসুবিধা হবে বলে জানানো হয়েছে ।

---

অটল বিহারী বাজপেয়ী ফুটবল প্রতিযোগিতা আয়োজক কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রতিযোগিতার ফাইনাল খেলা আগামী শনিবার লালামুখ ফুটবল মাঠে অনুষ্ঠিত হবে। ফাইনাল খেলায় উত্তর জষ্ণাবাদ এফসি এবং মাধবপুর এফসি পরস্পরের মুখোমুখী হবে। ফাইনাল খেলা বেলা দুটোয় শুরু হবে।

---